

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-02-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) এবারের রেল বাজেটে উত্তর পূর্বাঞ্চলের জন্য ১০,৪৪০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
- (২) রাজ্যে আজও উৎসাহ উদ্দীপনার সঙ্গে বাগদেবী সরস্বতী পূজোর আয়োজন করা হয়েছে।
- (৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ৫ই ফেব্রুয়ারি ভারুয়ালভাবে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে নতুন চাকুরী প্রাপ্তদের নিয়োগপত্র বিতরণ করবেন।
- (৪) ৩৮তম জাতীয় গেমসে শেষ খবর পাওয়া পর্যন্ত সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড শীর্ষে রয়েছে।

Rail budget NE :

কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, জম্মু ও কাশ্মীর সহ দেশের কোন রাজ্যের রেল যোগাযোগ ও পরিকাঠামো সম্প্রসারণের কাজে অর্থের কোনো ঘাটতি নেই। তিনি জানান, গত ১০ বছরে সারা দেশে ৩৫,০০০ কিমি দীর্ঘ নতুন রেলপথ নির্মাণের কাজ চলেছে। জম্মু ও কাশ্মীরে ১০০ ভাগ বিদ্যুত চালিত রেলপথ নির্মাণ করা হয়েছে। রেলমন্ত্রী আজ ২০২৫-২৬ এর কেন্দ্রীয় বাজেটে রেল মন্ত্রকের ব্যয়-বরাদ্দ নিয়ে ভারুয়াল সাংবাদিক সম্মেলনে একথা বলেন। রেলমন্ত্রী শ্রী বৈষ্ণব বন্দে ভারত নিয়ে কেন্দ্রীয় সরকারের ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কেও বিস্তারিত উল্লেখ করেন।

Bande Bharat#####

উত্তর পূর্বাঞ্চলে রেলের অগ্রগতি ও রেল বাজেটে এই অঞ্চলের জন্য ব্যয়-বরাদ্দের প্রস্তাব সম্পর্কে তিনি জানান যে, এবারের বাজেটে এই অঞ্চলের জন্য ১০,৪৪০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। তিনি জানান, উত্তপূর্বে রাজ্যগুলিতে রেল পথ ও পরিকাঠামো উন্নয়নের কাজ দ্রুত গতিতে চলছে। মিজোরামে রেল পথ সংযোগের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। তবে এই অঞ্চলের ভৌগোলিক অবস্থা, মূলত পাহাড়ি এলাকার মধ্য দিয়ে রেল পথ নির্মাণ করতে হচ্ছে বলে, অনেক বেশি টানেল ও ব্রিজ তৈরী করতে হচ্ছে। এই সমস্যা মোকাবিলা করেও রেল বিভাগ দ্রুত গতিতে কাজ করছে। তিনি বলেন, উত্তর পূর্বের রেল যোগাযোগ ক্ষেত্র আগামীদিনে অনেক উন্নত হতে চলেছে।

#####Rail Minister NE#####

Saraswati Puja :

রাজ্যে আজও উৎসাহ উদ্দীপনার সঙ্গে বাগদেবী সরস্বতী পূজোর আয়োজন করা হয়েছে। বিশেষ করে বিভিন্ন স্কুল কলেজ ও সরকারি প্রতিষ্ঠানে আজ পূজো করা হয়। রাজ্যের বিভিন্ন স্থানে শ্রী পঞ্চমী মেলার ও আয়োজন করা হয়েছে।

Home Minister Offer :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ৫ই ফেব্রুয়ারি ভার্চুয়ালভাবে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে নতুন চাকুরী প্রাপ্তদের নিয়োগপত্র বিতরণ করবেন। ঐ অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরে ফার্মাসিস্ট, ল্যাব টেকনেশিয়ান এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে জেআরবিটি কর্তৃক মাল্টি টাস্কিং স্টাফ পদে মনোনীত প্রার্থীদের মধ্যেই নিয়োগপত্র দেয়া হবে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট পদে মনোনীত প্রার্থীদের নিজস্ব মূল ডকুমেন্ট, সচিব পরিচয়পত্র এবং নিয়োগ সংক্রান্ত পরীক্ষার মূল অ্যাডমিট কার্ড নিয়ে ঐদিন দুপুর ১২টা ৩০ মিনিটের মধ্যে স্বামী বিবেকানন্দ ময়দানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।

Amra Bangali Press Meet :

আমরা বাঙালির রাজ্য কমিটির সম্পাদক গৌরাঙ্গ রুদ্রপাল আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করেন। তিনি বলেন, এই বাজেটে শ্রমিক, কৃষক, বেকারদের সমস্যা সমাধানে কোন দিশা নেই।

100 Days Stop TB :

কেন্দ্রীয় সরকার ২০২৫ সালের মধ্যে টিবি মুক্ত ভারত গড়ার সংকল্প গ্রহণ করেছে। তার অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলার সোনামুড়াতেও জোর কদমে চলছে যক্ষা নির্মূলীকরন ১০০ দিনের প্রচার কর্মসূচি। টিবি রোগীদের সনাক্তকরণ ও দ্রুত চিকিৎসার ব্যবস্থা করার ক্ষেত্রে নানা পদক্ষেপ গ্রহণ করেছে সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্র। বিভিন্ন গ্রামীণ এলাকায় চলছে TB স্ক্রিনিং। সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের ইনচার্জ ডাক্তার পার্থপ্রতিম দাস জানিয়েছেন গ্রামে গ্রামে আয়ুস্থান আরোগ্য মন্দিরগুলিতে বিশেষ স্বাস্থ্য শিবিরের পাশাপাশি বাড়ি বাড়ি ও অভিযান চলছে। পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে যদি কোন টিবি রোগী সনাক্ত হয় তাকে দ্রুত নিয়ে আসা হচ্ছে চিকিৎসার আওতায়। ১০০ দিনের অভিযানটি আগামী মার্চ মাসে শেষ হবে বলে শ্রী দাস জানিয়েছেন।

Vayo Vandana Card :

গোটা দেশের সঙ্গে উনকোটি জেলাতেও আয়ুস্থান ভারত -প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় সত্তর উর্ধ্ব নাগরিকদের অন্তর্ভুক্তির কাজ চলছে। উল্লেখ্য গত বছর ২৯শে অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বয়ঃজ্যেষ্ঠদের এই যোজনার অন্তর্ভুক্ত করার ঘোষণা দিয়েছিলেন। উনকোটি জেলাতে অনেক প্রবীণ-প্রবীণা এই প্রকল্পের সংগে যুক্ত হয়ে বয়ো বন্দনা কার্ড পাচ্ছেন।

এরফলে তাঁরা বার্ষিক পাঁচ লক্ষ টাকার বিনামূল্যে চিকিৎসার সুযোগ পাবেন। ঊনকোটি জেলাতে সর্বমোট ৬৫০০ জনকে "বয়ো বন্দনা কার্ড" দেবার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এখন পর্যন্ত ১৬৩৭ জন কার্ড পেয়েছেন। কৈলাশহরের প্রবীণ ব্যক্তি বিবেকানন্দ ভট্টাচার্য বয়ো বন্দনা কার্ড পেয়ে সন্তোষ ব্যক্ত করেন।

#####Byte-Vivekananda Bhattacharjee#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Mahakumbh :

এবার মহাকুম্ভের খবর।

#####Sound-Byte#####

আজ প্রয়াগরাজের মহাকুম্ভে বসন্ত পঞ্চমী উপলক্ষে ২ কোটি ৩৩ লক্ষেরও বেশি ভক্ত সঙ্গমে পবিত্র স্নান করেছেন। অমৃতস্নান হল মহা কুম্ভ মেলার সবচেয়ে তাৎপর্যপূর্ণ এবং পবিত্র আচার। আজ গঙ্গা আরতিতেও বিপুল

সংখ্যক মানুষ অংশগ্রহণ করেন। প্রথম দুটি অমৃতস্নান ১৪ই জানুয়ারী, মকর সংক্রান্তি এবং ২৯শে জানুয়ারী মৌনী অমাবস্যাতে হয়েছিল। বিশ্বের বৃহত্তম ধর্মীয় সমাবেশ হিসাবে স্বীকৃত, মহা কুস্ত মেলায় এপর্যন্ত ৩৭ কোটির বেশি ভক্ত পূণ্যস্নান করেছেন।

#####Sound-Byte#####

E-Shram Portal :

গত জানুয়ারি মাসের ২৮ তারিখ পর্যন্ত ৩০ কোটি ৫৮ লক্ষেরও বেশি অসংগঠিত শ্রমিক ই-শ্রম পোর্টালে নিবন্ধন করেছেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক জানিয়েছে যে গত বছর, পয়লা জুন থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত, ই-শ্রম পোর্টালে ১ কোটি ২৩ লক্ষেরও বেশি নিবন্ধন হয়েছে। মন্ত্রক জানিয়েছে পোর্টালের লক্ষ্য অসংগঠিত শ্রমিকদের জন্য ওয়ান স্টপ সমাধান প্রদান করা।

Accident :

কৈলাশহরের চিড়াকুটি এলাকায় আজ দুপুরে মোটরবাইক দুর্ঘটনায় প্রসেনজিৎ রাজভর নামে ১৯ বছর বয়সী এক যুবক প্রাণ হারায়। পুলিশ সূত্রে জানা গেছে, বাইকে থাকা নিহতের বড়ভাই রঞ্জিত রাজভর গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। তাদের বাড়ি কৈলাশহরের হালাইছড়া এলাকায়।

Ex-Teacher Sasanka Chaudhury :

বিলোনিয়া পুর পরিষদের প্রাক্তন চেয়ারম্যান শশাঙ্ক চৌধুরী আজ বিলোনিয়া শহরের রবীন্দ্রপল্লীতে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। তাঁর মৃত্যুতে বিধায়ক দীপংকর সেন ও অশোক কুমার মিত্র গভীর শোক প্রকাশ করেছেন।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের ষষ্ঠ দিনে শেষ খবর পর্যন্ত মোট ১৩৬টি স্বর্ণপদকের ফয়সালা হয়েছে। এরমধ্যে ১৯টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ১৮টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ১৩টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, এবারের গেমসে একের পর এক রেকর্ড গড়ছেন বিভিন্ন রাজ্যের ভারোত্তোলকরা। মেয়েদের ৮১ কেজি বিভাগে চন্ডিগড়ের ভনশিতা ভার্মা ২০৮ কেজি ওজন তুলে স্বর্ণপদক পান। ৮৭ কেজি বিভাগে তামিলনাড়ুর এরোচকিয়ে আলিস ২২১ কেজি তুলে স্বর্ণপদক ছিনিয়ে নেন। পুরুষদের ১০২ কেজি বিভাগে নতুন জাতীয় রেকর্ড গড়ে স্বর্ণপদক পান মহারাষ্ট্রের ভাইশব শাহজী ঠাকুর। তিনি স্নেচে ১৬০ কেজি ওজন তোলেন।

এদিকে সাঁতারেও নতুন জাতীয় রেকর্ড গড়ে চলেছেন বিভিন্ন রাজ্যের প্রতিযোগীরা। মেয়েদের ১৫০০ মিটার ফ্রি স্টাইলে দিল্লির ভাভ্যা, পুরুষদের ১০০ মিটার ব্যাকস্ট্রোকে কর্ণাটকের অলিম্পিয়ান শ্রীহরি নটরাজ স্বর্ণপদক পান। কর্ণাটকের নিনা ৫০ মিটার বাটার ফ্লাইয়ে অলিম্পিয়ান ধিনিধিকে হারিয়ে স্বর্ণপদক ছিনিয়ে চমক দেন।

এদিকে, স্কোয়াশের লড়াইয়ে পুরুষ বিভাগে তামিলনাড়ুর ভেলাভান সেনথিল কুমার ও মহিলা বিভাগে গোয়ার আকাঙ্খা সালুনথে স্বর্ণপদক দখল করেন। ব্যাডমিন্টনের চারটি বিভাগে সেমিফাইনালের লাইনআপ চূড়ান্ত হয়েছে। এই ইভেন্টে কোয়ার্টার ফাইনালের লড়াই শেষ হয়েছে।

Naidu Trophy :

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনুর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা এক ইনিংস ও ১২৫ রানে উত্তরাখণ্ডকে পরাজিত করেছে। এম বি

বি স্টেডিয়ামে ৭ উইকেটে ১১১ রান থেকে ব্যাট করতে নেমে আজ তৃতীয় দিনে উত্তরাখণ্ড দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৭৪ রান করতে সক্ষম হয়। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসের ৩৪৯ রানের জবাবে উত্তরাখণ্ড প্রথম ইনিংসে মাত্র ৫০ রান করেছিল।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস।
